

🗏 সোয়াদ | □□d | ত

আয়াতঃ ৩৮:৩

া আরবি মূল আয়াত:

كُم اَهلَكنَا مِن قَبلِهِم مِّن قَرنٍ فَنَادُوا وَّ لَاتَ حِينَ مَنَاصٍ ﴿٣﴾

তাদের পূর্বে আমি কত প্রজন্মকে ধ্বংস করেছি; তখন তারা আর্তচিৎকার করেছিল, কিন্তু তখন পলায়নের কোন সময় ছিল না। — আল-বায়ান

তাদের পূর্বে আমি কত মানবগোষ্ঠীকে ধ্বংস করে দিয়েছি, অবশেষে তারা (ক্ষমা লাভের জন্য) আর্তচিৎকার করেছিল, কিন্তু তখন পরিত্রাণ লাভের আর কোন অবকাশই ছিল না। — তাইসিরুল

এদের পূর্বে আমি কত জনগোষ্ঠী ধ্বংস করেছি, তখন তারা আর্ত চিৎকার করেছিল। কিন্তু তখন পরিত্রাণের কোনই উপায় ছিলনা। — মুজিবুর রহমান

How many a generation have We destroyed before them, and they [then] called out; but it was not a time for escape. — Sahih International

৩. এদের আগে আমরা বহু জনগোষ্ঠী ধ্বংস করেছি; তখন তারা আর্ত চীৎকার করেছিল। কিন্তু তখন পরিত্রাণের কোনই সময় ছিল না।

তাফসীরে জাকারিয়া

- (৩) এদের পূর্বে আমি কত জনপদ ধ্বংস করেছি;[1] তখন ওরা সাহায্যের জন্য চীৎকার করেছিল। কিন্তু ওদের পরিত্রাণের কোনই উপায় ছিল না।[2]
 - [1] যারা এদের থেকে অনেক পরাক্রমশালী ও শক্তিশালী ছিল। কিন্তু অবিশ্বাস ও অস্বীকার করার জন্য তাদেরকে মন্দ ফল ভোগ করতে হয়।
 - [2] অর্থাৎ, তারা আল্লাহর শান্তি প্রত্যক্ষ করার পর সাহায্যের জন্য ডেকেছিল এবং তওবা করার ইচ্ছা প্রকাশ করেছিল। কিন্তু তখন না ছিল তওবা কবুল হওয়ার সময়, আর না ছিল পালানোর কোন পথ। ফলে না তাদের সমান উপকারে আসে, আর না পালিয়ে শান্তি থেকে রক্ষা পায়। الله শব্দটি আসলে কেবল لا এখানে ত অক্ষরটি বাড়তি সংযুক্ত হয়েছে; যেমন تُمَّةُ তে যুক্ত হয়ে غَمَّةُ বলা হয়। مَنَاصِ الله نَاصَ الله এর ক্রিয়ামূল, যার অর্থ হল পলায়ন করা ও পিছে হটা।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3973

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন